

আলোর স্রোতে
পাল তুলেছে
হাজার প্রজাপতি।



An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

DATE OF PUBLISHING
**8th NOVEMBER'2024**

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৮০

নভেম্বর ২০২৪

## ASSOCIATION SAMBAD NOVEMBER 2024

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001 Tel. 23344808
**E.mail :** bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

নভেম্বর - ২০২৪

# বিশেষ সংবাদ

গত ২৯শে সেপ্টেম্বর ২০২৪, রবিবার, দিল্লি চিত্তরঞ্জন কালীবাড়ির লাইব্রেরী হলে কলমের সাত রঙ পত্রিকাটির উৎসব সংখ্যার মোড়ক উন্মোচন অনুষ্ঠান হয়েছে। এই শুভ কাজটি সম্পন্ন করেন কালীবাড়ির সেক্রেটারি রাজীব নাগ এবং সাংস্কৃতিক বিভাগের প্রধান অনিতা হালদার। এনাদের সাথে ছিলেন রাজধানী দিল্লির দুই বিশিষ্ট সাহিত্যিক তথা পত্রিকার সম্পাদক কালীপদ চক্রবর্তী এবং সহসম্পাদক অরূপ বন্দ্যোপাধ্যায়।

এনসিই বেঙ্গল এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র সমিতি অর্থাৎ Alumni Association of NCE Bengal and Jadavpur University হলো ভারতের কোনো বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত প্রথম অ্যাসোসিয়েশন। এই প্রাক্তন ছাত্র সমিতির দিল্লি শাখা (Delhi Chapter) ১৯৫৬ সালে গঠিত হয়। এই মুহূর্তে সক্রিয় সদস্য সংখ্যা প্রায় ৭০০ জনেরও বেশি যাঁরা প্রত্যেকেই দিল্লি এবং পার্শ্ববর্তী অঞ্চলে বসবাস করছেন। সদস্যদের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে জাতীয় সংহতি, ভ্রাতৃত্ব, বন্ধুত্ব এবং সাংস্কৃতিক ঐতিহ্য প্রচার ও বজায় রাখার পাশাপাশি সারাবছর ধরে বিভিন্ন কার্যক্রমে এবং সমাজসেবামূলক কাজে লিপ্ত থাকেন এই অ্যাসোসিয়েশন।

আগামী ১০ই নভেম্বর সন্ধ্যায়, দিল্লি শাখা সমিতির "বিজয়া সম্মিলনী" উপলক্ষ্যে, চিত্তরঞ্জন পার্কে অবস্থিত চিত্তরঞ্জন ভবনে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান এবং গালা ডিনারের আয়োজন করতে চলেছেন, এই অ্যালামনাই অ্যাসোসিয়েশন। উক্ত অনুষ্ঠানে সম্মানীয় অতিথি হিসেবে আমন্ত্রিত হয়ে উপস্থিত থাকবেন, দক্ষিণ দিল্লি কালীবাড়ির সাধারণ সম্পাদক সুব্রত দাশ, বেঙ্গল অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক প্রদীপ গাঙ্গুলী এবং মিডিয়া ব্যক্তিত্ব ও শিল্প সমালোচক রাজা চট্টোপাধ্যায়। সমগ্র অনুষ্ঠানটি আয়োজন ও পরিচালনায় আছেন, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি ঋত্বিক সেনগুপ্ত, সাধারণ সম্পাদক সৌমিত্র ভট্টাচার্য্য, সহ সম্পাদক শ্রাবণী বিশ্বাস এবং সমস্ত এক্সিকিউটিভ কমিটির সদস্যরা।